দৈনিক বাংলা

তারিখ 18 OCT 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

42

# ঢাকা ভার্সিটির বিভিন্ন বিভাগে শূন্য পদ পূরণ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শূন্য পদে কয়েকজন শিক্ষক নিয়োগ ও কয়েকজনকে পদোন্নতি দেয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট গত শনিবার এক সভায় এই পদন্নোতির অনুমোদন দিয়েছেন।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছেন, দীর্ঘ দিন শূন্য থাকা এ পদগুলিতে প্রথমে সিলেকশন বোর্ড বসানো হয়েছিল। সিলেকশন বোর্ডের নির্বাচন শেষ হলে সিন্ডিকেট এদের অনুমোদন দেয়।

মোট ২৫ জন শিক্ষকের মধ্যে ৮ জনকে নতুনভাবে নিয়োগ দেয়া হয়েছে। লেকচারার থেকে সহকারী প্রফেসর পদে নিয়োগ দেয়া হয়েছে ৯ জনকে। সহকারী

(৮-এরপৃঃ৬-এরকঃদ্রঃ)

## ঢাকা ভার্সিটির

(প্রথম পৃষ্ঠার পর)

প্রফেসর থেকে সহযোগী প্রফেসর পদে ২ জন এবং প্রফেসর পদে ৫ জনকে অনুমোদন দেয়া হয়েছে। যেসব বিভাগে নিয়োগ ও পদোন্নতি দেয়া হয়েছে সে বিভাগগুলি হচ্ছে আন্তর্জাতিক সম্পর্ক, পরিসংখ্যান, আরবী ও ভাষাতত্ত্ব।

এদিকে সরকারের এক নোটিশের প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতকরা ৫০ ভাগ শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীর বেতন স্কেল অষ্টম গ্রেডে উন্নীত করা হয়েছে। সূত্র জানান সম্প্রতি সরকার এক নোটিশে জানিয়েছে নবম গ্রেডে ৪ বছর স্থায়ী পদে চাকরি করার পর তাদেরকেউ অষ্টম গ্রেডে উন্নীত করা হবে।

সরকারের এই নতুন নিয়মের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭শ' শিক্ষক এবং এক হাজারেরও বেশী কর্মকর্তা কর্মচারী উপকৃত হবেন। সিন্ডিকেটের শনিবারের সভায় এই নতুন নিয়ম অনুমোদন দেয়া হয়।

সূত্র জানান, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ও বাংলাদেশ ব্যাংকে এই নতুন নিয়ম কার্যকরী হয়েছে।